

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর

তথ্য মন্ত্রণালয়

তথ্য ভবন

১১২ সার্কিট হাউস রোড, ঢাকা-১০০০।

www.dfp.gov.bd

২০২০-২০২১ অর্থবছরের ইনোভেশন টিমের ১ম সভার কার্যবিবরণী

সভাপতি	:	জনাব মোহাম্মদ আলী সরকার, সিনিয়র সম্পাদক ও চীফ ইনোভেশন অফিসার ইনোভেশন টিম, ডিএফপি, ঢাকা।
সভার তারিখ	:	২৪ আগস্ট, ২০২০ খ্রি.
সময়	:	সকাল ১০:০০ ঘটিকা
সভার স্থান	:	সিনিয়র সম্পাদক মহোদয়ের অফিস কক্ষ।

১.০ সভায় উপস্থিত সকলের তালিকা পরিশিষ্ট 'ক'।

২.০ সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। বৈশ্বিক মহামারী কোভিড-১৯ এর কারণে সময়মত ইনোভেশন টিমের সভা না হওয়ায় তিনি দুঃখ প্রকাশ করেন। অতঃপর তিনি উপপরিচালক (প্রশাসন) ও ইনোভেশন টিমের সদস্য জনাব সেলিনা আকতারকে সভার কার্যক্রম উপস্থাপন করার জন্য অনুরোধ জানান। তিনি জানান যে, চলতি ২০২০-২০২১ অর্থবছরে এ অধিদপ্তরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার জন্য কর্মসম্পাদন সূচক ২.১-এ প্রতি দু'মাস অন্তর অন্তর মোট ০৬টি ইনোভেশন সভা করার নির্দেশনা আছে। সে আলোকে চলতি ২০২০-২০২১ অর্থবছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ইনোভেশন টিমের ১ম সভা অনুষ্ঠিত হচ্ছে।

৩.০০ চলতি ২০২০-২০২১ অর্থবছরে উদ্ভাবন কর্মপরিকল্পনায় ১৫টি উদ্দেশ্য, ৩৪টি কার্যক্রম ও ৩৪টি সূচক রয়েছে। ইতোমধ্যে কর্মসম্পাদন সূচকের ১.১, ১.২, ১.৩, ৩.১, ৪.৩, ১৩.১ এবং ৩.২ আংশিক সম্পাদিত হয়েছে। এ অধিদপ্তরের উদ্ভাবন কার্যক্রম নিম্নোক্ত ০৩টি:

- (ক) ন্যূনতম একটি সেবা সহজিকরণ;
- (খ) ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ; ও
- (গ) ন্যূনতম একটি ডিজিটাল সেবা তৈরি ও বাস্তবায়ন।

৪.০০ বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

- (ক) এ অধিদপ্তরের উদ্ভাবন কর্মপরিকল্পনার প্রতিটি কার্যক্রম যথাসময়ে বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে;
- (খ) সেবা সহজীকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে আয়োজিত প্রশিক্ষণে নির্ধারিত উদ্ভাবনী বিষয়টি প্রকল্প আকারে অনুমোদন গ্রহণপূর্বক পাইলটিং বাস্তবায়ন ও অফিস আদেশ জারি করতে হবে।

৫.০ অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(স্বাক্ষরিত/-)

২৪/০৮/২০২০


স. ম. গোলাম কিবরিয়া
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

নং-১৫.৫৭.০০০০.০০১.৩৫.০০৮.২০(অংশ-২). ৪০৫২

তারিখ: ০৯ ভাদ্র, ১৪২৭
২৪ আগস্ট, ২০২০

বিতরণ কার্যার্থে ও জ্ঞাতার্থে:

- ১। জনাব মোহাম্মদ আলী সরকার, সিনিয়র সম্পাদক ও চীফ ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম, ডিএফপি, ঢাকা।
- ২। জনাব সেলিনা আকতার, উপপরিচালক (প্রশাসন) ও সদস্য, ইনোভেশন টিম, ডিএফপি, ঢাকা।
- ৩। জনাব ইসরাত জাহান, উপপরিচালক (প্রকাশনা) ও সদস্য, ইনোভেশন টিম, ডিএফপি, ঢাকা।
- ৪। জনাব মোহাম্মদ সায়েম হোসেন, সহকারী পরিচালক (প্রশাসন) ও সদস্য, ইনোভেশন টিম, ডিএফপি, ঢাকা।
- ৫। জনাব মো. বুবেল রানা, সহকারী পরিচালক (এবিসি) ও সদস্য, ইনোভেশন টিম, ডিএফপি, ঢাকা।
- ৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), ডিএফপি, ঢাকা।
- ৭। ওয়েবসাইট/ অফিস কপি।


সেলিনা আকতার

উপপরিচালক (প্রশাসন)